

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, এপ্রিল ৩, ২০০১

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

বাণিজ্য মন্ত্রণালয়

আদেশ

তারিখ, ১৫ চৈত্র ১৪০৭/২৯ মার্চ ২০০১

এস, আর, ও নং ৭৪-আইন/২০০১—Imports and Exports (Control) Act, 1950 (XXXIX of 1950) এর section 3 (1) এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার আমদানি নীতি আদেশ, ১৯৯৭—২০০২ এর নিম্নরূপ অধিকতর সংশোধন করিল, যথাঃ—

উপরি-উক্ত আদেশ এর পরিশিষ্ট-১ এর "(খ)" শর্তযুক্ত আমদানিযোগ্য পণ্যের তালিকা" এর টেবিলের কলাম-১ এ উল্লিখিত এইচ এস হেড়িং ২৭.১০ এর বিপরীতে কলাম ৪ এ উল্লিখিত এন্ট্রির পরিবর্তে নিম্নরূপ এন্ট্রি প্রতিস্থাপিত হইবে, যথাঃ—

"বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন কর্তৃক আমদানিযোগ্য, তবে নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে বেসরকারী খাতেও আমদানিযোগ্য হইবে, যথাঃ—

- (ক) বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশনের ছাড়পত্র গ্রহণ এবং বিদ্যুৎ, জ্বালানী ও খনিজ সম্পদ মন্ত্রণালয় কর্তৃক বিজ্ঞপ্তির মাধ্যমে নির্ধারিত গুণগত মান, গুদামজাতকরণ, পরিবহণ ও বিতরণ এর শর্তাদি পূরণ;
- (খ) বৈদ্যুতিক ট্রান্সফর্মার প্রস্তুতকারী প্রতিষ্ঠান কর্তৃক কেবলমাত্র কাঁচামাল হিসাবে তাহাদের নিজস্ব ব্যবহারের নিমিত্ত প্রয়োজনীয় পরিমাণ ট্রান্সফর্মার অয়েল বাংলাদেশ পেট্রোলিয়াম কর্পোরেশন-এর ছাড়পত্র এবং উক্ত কর্পোরেশন কর্তৃক নির্ধারিত অন্যান্য শর্ত পূরণ সাপেক্ষে আমদানিযোগ্য হইবে।"

রাষ্ট্রপতির আদেশক্রমে,

মোঃ ফজলুর রহমান

উপ-সচিব।

মোঃ আবদুল করিম সরকার (উপ-সচিব), উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মন্ত্রিত।

মোঃ আমিন জুবেরী আলম, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,

তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।

(১০৬৭)

মূল্য ৫ টাকা ১.০০